# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১৮৯৪

পর্ব-৬: যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ৬. প্রথম অনুচ্ছেদ - সদাক্বার মর্যাদা

بَابُ فَضْلِ الصَّدَقَةِ

### আরবী

وَعَنْ أَبِي ذَرٍّ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لَا تَحْقِرَنَّ مِنَ الْمَعْرُوفِ شَيْئًا وَلَوْ أَنْ تَلْقَى أَخَاكَ بِوَجْهٍ طليق» . رَوَاهُ مُسلم

### বাংলা

১৮৯৪-[৭] আবূ যার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমরা কোন নেক কাজকে ছোট ভেবো না, যদিও তা তোমার ভাইয়ের সাথে হাসিখুশী মুখে সাক্ষাৎ করা হয়। (মুসলিম)[1]

### ফুটনোট

[1] সহীহ : মুসলিম ২৬২৬।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: (شَيْئًا وَلَوْ أَنْ تَلْقى أَخَاكَ بِوَجْهٍ طليق) অর্থাৎ হাস্যোজ্জ্বল চেহারা নিয়ে তথা ভাল কাজ কম হোক বা বেশী তা করে যাও যদিও তা এমন হয় যে, তুমি তোমার ভাইয়ের সাথে হাসিমুখে সাক্ষাৎ কর। কেননা হাসিমুখে সাক্ষাৎ করাটা ভাইয়ের অন্তকরণে আনন্দ পৌঁছায়। আর অপর কোন মুসলিমের অন্তরে আনন্দ পৌঁছানো এটা নিঃসন্দেহে একটি সৎ কাজ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56454

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন